



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

ফোন : ৯৫৭৪০২৫, E-mail: dgmbcbd@krishibank.org.bd



নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-৩/২০২০-২০২১/৫৯৪

তারিখঃ ১০.১০.২০২০

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শাখা ব্যবস্থাপক পর্যালোচনা সভা অনুষ্ঠানের লক্ষ্যে **Zoom Webinar** মিটিং সংক্রান্ত দিক নির্দেশনা।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে আইসিটি অপারেশন বিভাগের ০৭-১০-২০২০ইং তারিখের পত্র নং প্রকা/আইসিটি(অপাঃ)/৯(বিবিধ) অংশ-১/২০২০-২০২১/৩০২ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উক্ত পত্র মোতাবেক অদ্য ১০/১০/২০২০ তারিখে একটি **Demo** মিটিং সম্পন্ন করা হয়। উক্ত **Demo** মিটিং সম্পাদন কালে আইসিটি অপারেশন বিভাগ কর্তৃক পরিলক্ষিত হয় যে, আনুমানিক ২৫০ জন শাখা ব্যবস্থাপক **Demo Webinar** মিটিং এ সংযুক্ত হননি। সে আলোকে আগামী ১১/১০/২০২০ তারিখে পর্যালোচনা সভায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত দিকনির্দেশনা সমূহ পরিপালনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

ক) পর্যালোচনা সভা/ **Zoom Webinar** মিটিং বিকাল ৬.৩০ ঘটিকায় শুরু করার লক্ষ্যে কারিগরী বিষয়টি নিশ্চিত করার নিমিত্ত সকল অংশগ্রহণকারীকে বিকাল ৫.০০ ঘটিকা হতে ৬.০০ ঘটিকার মধ্যে ইতোপূর্বে প্রদানকৃত পর্যালোচনা সভার **Meeting ID: 837 6203 1966, Password/Passcode: bkb123** এর মাধ্যমে মিটিং এ **Registration** করতে হবে।

খ) সংযুক্ত **Zoom Video Webinar** এ **Join** করার নিয়মাবলীতে বর্ণিত পদ্ধতিতে অবশ্যই সঠিকভাবে শাখা/কার্যালয়ের নাম প্রদানকৃত ফরমেটে **Type** করে **Registration** করতে হবে।

গ) শাখা/ কার্যালয় কর্তৃক **Video Webinar** এ **Meeting ID** ও **Password/Passcode** দিয়ে **Registration** এর পর স্ক্রিনে প্রধান কার্যালয়-কে দেখতে ও শুনতে পারলে **Registration** সঠিকভাবে সম্পন্ন হয়েছে ধরে নিতে হবে। প্রয়োজনানুযায়ী প্রধান কার্যালয় কর্তৃক নির্দিষ্ট অংশগ্রহণকারীকে **Penalist** এর মাধ্যমে স্ক্রিনে প্রদর্শনের ব্যবস্থা করা হবে।

ঘ) **Zoom Video Webinar** চলাকালে সকল **Penalist** গণকে তাদের **Device Mute** করে রাখার অনুরোধ করা হলো। শুধুমাত্র প্রধান কার্যালয়ের অনুরোধের প্রেক্ষিতে **Penalist** গণ তাদের **Device UnMute** করবেন।

ঙ) মোবাইল হতে **Zoom Video Webinar**-এ অংশগ্রহণকারীগণ তাদের মোবাইলে পর্যাপ্ত পরিমাণ **Data** ও **Charge** নিশ্চিতকরণ **Webinar**-এ অংশগ্রহণ করবেন।

০৩। শাখা পর্যায়ে উল্লিখিত নির্দেশনা সমূহ পরিপালন এবং কোন অবস্থাতেই কোন শাখা ব্যবস্থাপক ১১-১০-২০২০ তারিখের **Zoom Video Webinar**-এ সংযুক্ত থাকা থেকে বাদ না পড়েন তা নিশ্চিত করার জন্য মহাব্যবস্থাপক এবং মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

আপনার বিশ্বস্ত,


২০/১০/২০২০

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

তারিখঃ ১০.১০.২০২০ ইং

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-৩/২০২০-২০২১/৫৯৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। নথি/মহানথি।

(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)

মুখ্য কর্মকর্তা